গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: ট্রেন দুর্ঘটনা, বিভিন্ন স্টেশনে অনাকাঙ্ক্ষিত ঘটনা, চোরাচালানরোধ ও রেল সেবার মান উন্নয়নে করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভা।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৪ আগস্ট, ২০২২ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং-৯৩০), রেলপথ মন্ত্রণালয় |

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'**-তে সংযুক্ত করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বাংলাদেশ রেলওয়ের ট্রেনে দুর্ঘটনা ঘটে, তদন্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়; কিন্তু কোন দায়-দায়িত্ব নির্ধারণ করে শাস্তির ব্যবস্থা গ্রহণের নজির দেখা যায় না। ট্রেনে কোন দুর্ঘটনা ঘটলে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণকে জিজ্ঞেস করা হলে তাঁরা বিষয়টি জেনে পরবর্তীতে জানাবেন মর্মে জানান। অথচ সোশ্যাল মিডিয়ায় তা প্রচার করা হয়। বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলে বেশী সমস্যা দেখা যাচ্ছে। কর্তকর্তাগণের মধ্যে কাজের সমন্বয়ের অভাব পরিলক্ষিত হচ্ছে। বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীগণের অভ্যন্তরীণ বদলী পদায়নে সিনিয়রটির বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নেয়া উচিত। ডিআরএম, ডিসিওদের সাথে বসে কোথায় সমস্যা আছে তা নিরূপণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি বলেন, ট্রেনে কোচ, ইঞ্জিন মেরামতের কিছু দিন পর আবার নষ্ট হয়ে যায়। কেন এ ধরণের সমস্যা হচ্ছে তা সরেজমিনে দেখে ব্যবস্থা নিতে হবে। কিছু দিন পূর্বে তেলবাহী ওয়াগন লাইনচ্যুত হয়েছে। এ বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা জানা প্রয়োজন। ট্রেনের কোচের এসি, ফ্যান ইত্যাদি সচল রাখতে হবে। সম্ভব হলে স্টেশনভিত্তিক টিকিট বরাদ্দের বিষয়টি পত্রপত্রিকা/লিফলেট বা প্রামাণ্য চিত্রের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। তিনি গুরুত্ব বিচারে প্রাধান্যের ভিত্তিতে দাপ্তরিক ক্রয় প্রস্তাব প্রস্তুত করে অর্থবছরের শুরুতেই তা অনুমোদন গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে পরামর্শ প্রদান করেন।

২.২ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান, কোন ধরণের দুর্ঘটনায় (ইঞ্জিন/রেল লাইন/লোকবল) কোন পর্যায়ের কর্মকর্তাগণ তদন্ত করবেন বাংলাদেশ রেলওয়ের কোডে তার উল্লেখ রয়েছে। কিন্তু তদন্তকারী কর্মকর্তাগণ এক বিভাগ অন্য বিভাগকে দায়ী করে। এতে প্রকৃত রহস্য উদ্‌ঘাটিত হয় না এবং দোষীদের শাস্তি নিশ্চিত করা যায় না।

২.৩ অতিরিক্ত মহাপরিচালক (আরএস) জানান, তেলবাহী ওয়াগনটি খোলা লাইনে প্রবেশ করায় ওয়াগন লাইনচ্যুত হয়েছে। এক্ষেত্রে লোকমাস্টারকে গাড়ি থামাতে হতো। এখানে লোকোমাস্টারের ব্যর্থতা রয়েছে। তদন্ত রিপোর্ট এখনও পাওয়া যায়নি। রিপোর্ট পেলে ব্যবস্থা নেয়া হবে মর্মে তিনি উল্লেখ করেন।

৩. বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ | অর্থ বছরের শুরুতে রেলওয়ের মালামাল ক্রয়ের নিমিত্ত বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)/<br>যুগ্মসচিব (প্রশাসন) |
| ৩.২ | যে সকল দুর্ঘটনার তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি তা দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |

| | | |
|---|---|---|
| ৩.৩ | ট্রেনের কোচের এসি ও ফ্যান ইত্যাদি সচল রাখার ব্যাপারে সর্বদা সচেষ্ট থাকতে হবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৪ | জনগণের সুবিধার্থে স্টেশনভিত্তিক ট্রেনের টিকিট বরাদ্দের বিষয়টি প্রচার করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম)<br>ডিআরএম (সকল) |
| ৩.৫ | সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে সমস্যা চিহ্নিত করে তা দ্রুত সমাধানের ব্যবস্থা নিতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম)<br>ডিআরএম (সকল) |
| ৩.৬ | যে সকল পরিদর্শন প্রতিবেদন পেন্ডিং আছে তা দ্রুত উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.৭ | কাজের গুরুত্ব বিবেচনা করে কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ কার্যক্রম হাতে নেয়া যাবে না। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |
| ৩.৮ | যে সকল ইঞ্জিন মেরামত করার পর অল্প কিছু দিনের মধ্যে আবার বিকল হয়ে যাচ্ছে সে বিষয়গুলো খতিয়ে দেখতে হবে। একই সাথে দ্রুত ট্রেনের কোচ এবং ইঞ্জিন মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>এবং<br>অতিরিক্ত মহাপরিচালক (আরএস),<br>বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৯ | বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপকগণকে কন্ট্রোল রুম নিয়মিত সরেজমিনে পরিদর্শন করতে হবে । তার রিপোর্ট মহাব্যবস্থাপক ও মহাপরিচালক এর নিকট প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম)<br>ডিআরএম (সকল) |
| ৩.১০ | কর্মকর্তাগণ অকস্মাৎ ট্রেন ও স্টেশন পরিদর্শন করবেন এবং গোপনে রিপোর্ট প্রদান করবেন। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে সে অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (সকল )<br>মহাব্যবস্থাপ (পূর্ব/পশ্চিম)<br>ডিআরএম (সকল) |
| ৩.১১ | স্টেশন এবং কোচ পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়টি তদারকী করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন )<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম)<br>ডিআরএম (সকল) |
| ৩.১২ | বাংলাদেশ রেলওয়ের অভ্যন্তরীণ বদলীর ক্ষেত্রে সিনিয়রিটির বিষয়টি বিবেচনায় নিয়ে বদলী/পদায়ন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে,<br>মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম) |

৪. অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২২/০৮/২০২২
সচিব
রেলপথ মন্ত্রণালয়

নং- ৫৪.০০.০০০০.০০৭.১৮.০৪৭.১৯-২০৫

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯
২২ আগস্ট ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ( উন্নয়ন ও পরিকল্পনা ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন/ প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/অপা:/অর্থ/এমন্ডসিপি), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রাম/রাজশাহী।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৮। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ঢাকা/চট্টগ্রাম/পাকশী/লালমনিরহাট), বাংলাদেশ রেলওয়ে ঢাকা/ চট্টগ্রাম/ পাকশী/লালমনিরহাট।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ( পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(আলমগীর হুছাইন)
উপসচিব
☏ +৮৮০২৪১০৫০২৪৪

পরিশিষ্ট-ক

সভার বিষয় : ট্রেন দুর্ঘটনা, বিভিন্ন স্টেশনে অনাকাঙ্ক্ষিত ঘটনা, চোরাচালানরোধ ও রেল সেবার মান উন্নয়নে করণীয় নির্ধারণ করার লক্ষে সভা।

সভার সভাপতি : সচিব, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান : ১৪ আগস্ট, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়; সভাকক্ষ-৯৩০, রেলপথ মন্ত্রণালয়।

## সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জালাল উদ্দিন আহমেদ<br>যুগ্ম সচিব, রেলপথ মন্ত্রণালয় | — | [signature] 14/8/2022 |
| ০২। | আ.ম.ম তাশরাফুল আলম<br>যুগ্ম সচিব, রেলপথ মন্ত্রণালয় | — | [signature] 14/8/22 |
| ০৩। | [illegible]<br>DS রেলপথ | — | [signature] 14/8/2022 |
| ০৪। | | | |
| ০৫। | | | |
| ০৬। | | | |

পরিশিষ্ট-ক

সভার বিষয় : ট্রেন দুর্ঘটনা, বিভিন্ন স্টেশনে অনাকাঙ্ক্ষিত ঘটনা, চোরাচালানরোধ ও রেল সেবার মান উন্নয়নে করণীয় নির্ধারণ করার লক্ষ্যে সভা।

সভার সভাপতি : সচিব, রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান : ১৪ আগস্ট, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়; সভাকক্ষ-৯৩০, রেলপথ মন্ত্রণালয়।

## সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | ডি এম মজিবুর রহমান, [illegible] | 01711505383 | [signature] 14/8/2022 |
| ০২। | মোঃ [illegible] হোসেন [illegible] | ০১৭১১৫০৫৬০২ | [signature] ১৪/৮/2022 |
| ০৩। | মোঃ মনজুর-উল-আলম চৌধুরী [illegible] | 01711505302 | [signature] ১৪/৮ |
| ০৪। | [illegible] ইসলাম | 01711505303 | [signature] ১৪/৮ |
| ০৫। | এ কে এম আবদুল্লাহ আল বাকী | 01711505304 | [signature] ১৪.৮.২২ |
| ০৬। | বেনু রঞ্জন সরকার [illegible] | 01709999097 | [signature] ১৪/৮/2022 |
| ০৭। | এ কে এম [illegible] উদ্দীন [illegible] | 0171150611৪. | [signature] ১৪/০৮/2022 |